

২০০৯

স্নাতকোত্তর

বাংলা

পাঠপর্ষায়-২

এককক্রম—১২০২

পূর্ণমান : ৪০

সময় : ২ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রম্মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন।

সমস্ত প্রশ্নের উত্তর দাও।

১। (ক) (i) ফোন-ফোনির্ম-অ্যালোফোন—এই তিনটি বিষয় সম্পর্কে স্পষ্ট
ধারণা দাও। ৫

(ii) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় লিপ্যন্তর করো :
অম্বয়, তরঙ্গ, বৃষ্টি, ব্যবহার, আহ্বান। ৫

অথবা

(খ) (i) স্বরধ্বনি কাকে বলে? জিহ্বার অবস্থান অনুযায়ী বাংলা স্বরধ্বনি-
গুলির বিজ্ঞানসম্মত শ্রেণীবিব্যাশ করো। ৫

(ii) যৌগিক স্বরধ্বনি কাকে বলে? বাংলা যৌগিক স্বরধ্বনিগুলির
শব্দে ব্যবহারের দৃষ্টান্ত দাও। ৫

২। (ক) (i) টীকা লেখো :

সমধ্বনিরূপ (Homophonous Forms), অনন্যসাধারণ রূপমূল
(Unique Morpheme), বদ্ধরূপমূল (Bound Morpheme)।

২+২+১

- (ii) রূপমূল (Morpheme) ও উপরূপমূল (Allomorph)-এর নির্ণয় পদ্ধতি সম্পর্কে আলোচনা করো। ৫

অথবা

- (খ) (i) বিভক্তি-চিহ্নের কারণে রূপগত বৈচিত্র্যে বাংলা-কারক ক'টি? দৃষ্টান্তসহ সংক্ষেপে আলোচনা করো। ৫
(ii) মৌলিক কালগুলির একটি করে দৃষ্টান্ত দাও। যৌগিক ক্রিয়া ও যৌগিক কালের পার্থক্য লেখো। ২+৩

- ৩। (ক) বাক্য কাকে বলে? বাংলা আবেগসূচক বাক্য, প্রস্তাবোধক বাক্য এবং নঞর্থক বাক্যের প্রকাশ-বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

১+৩+৩+৩

অথবা

- (খ) (i) পদগুচ্ছ সংগঠন কী? বাংলা নিষ্ঠান্তবাচক পদগুচ্ছ ও ক্রিয়াবিশেষণগুচ্ছের সংগঠন দেখাও। ১+২+২
(ii) সংবর্তন (Transformation) কী? চার ধরনের সংবর্তনের একটি করে দৃষ্টান্ত দাও। ১+৪

- ৪। (ক) সমাজভাষা কাকে বলে? সমাজভাষাবিজ্ঞান কী? রেজিস্টার, ডিগ্রোসিয়া ও কোড-সুইচিং কী আলোচনা করো। ১২+১+২২+২২+২২

অথবা

- (খ) বক্তা ও শ্রোতার বৈচিত্র্য এবং পরিস্থিতির পরিবর্তন অনুসারে সমাজভাষায় কীভাবে বৈচিত্র্যের সৃষ্টি হয় আলোচনা করো। ১০

অথবা

- (গ) ভাষা পরিকল্পনা কাকে বলে? অবস্থান পরিকল্পনা (Status Planning) এবং অবয়ব পরিকল্পনা (Corpus Planning) বলতে কী বোঝায় লেখো। ৪+৩+৩